



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইসিটি সেল

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরে অনুষ্ঠিত ১ম উদ্ভাবনী সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ এজাজ আহমেদ জাবের অতিরিক্ত মহাপরিদর্শক
সভার তারিখ	২১ জুলাই, ২০২০
সভার সময়	সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	জুম ভার্চুয়াল মিটিং রুম
উপস্থিতি	পরিশিষ্ট - ক

২। সভাপতি মহোদয় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ইনোভেশন টিমের সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির (তৎকালীন) সদস্য সচিব, অত্র অধিদপ্তরের আইসিটি সেল এর শ্রম পরিদর্শক (সাধারণ) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় অত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরে নির্ধারিত সময়ে সর্ব উত্তম লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অগ্রগতি
২.১	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ আগামী ২২/০৭/২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে।	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ইনোভেশন টিমের সর্বসম্মতিক্রমে বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ গত ২২/০৭/২০২০ তারিখ প্রণয়ন করা হয়েছে।
২.২	অত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নপূর্বক আগামী ২২/০৭/২০২০ তারিখের মধ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অত্র অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নপূর্বক গত ২২/০৭/২০২০ তারিখ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ই-মেইল ও ই-নথিতে প্রেরণ করা হয়েছে।
২.৩	বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নপূর্বক আগামী ১০/০৮/২০২০ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নপূর্বক গত ২৪/০৭/২০২০ তারিখ অত্র অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে।

৩। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কমিটির সদস্যগণকে করোনাকালীন সময় স্বাস্থ্যবিধি অনুসরণের নির্দেশ প্রদান এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এজাজ আহমেদ জাবের
অতিরিক্ত মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০০৯.১৭.৩৮৭

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৭

০৬ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫) উপ মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

সিকদার মোহাম্মাদ তৌহিদুল হাসান
সহকারী মহাপরিদর্শক (সেইফটি)